

নদী

মানুষ নদীকে ভাগ করে
কখনও ভাগাভাগিতে ঝাঁস করে না।

মানুষ নদীকে সীমানা মেনে সীমান্ত রচনা করে
একই নদীর কিছুটা জল এক দেশের, কিছুটা অন্য দেশের।
জল কখনও ভাগ হয় না। একসঙ্গে বয়ে যায়।

দু'দেশের মানুষের দু'রকম পরিচয়পত্র আছে
পৃথিবীতে নদীর কোনও পরিচয়পত্র নেই।
মোহনা ভালবাসে, ভালবাসে সমুদ্রে মিশে যেতে
এক দেশের মানুষ সহজে অন্য দেশের হতে পারে না
তাকে এক দেশের পরিচয় ত্যাগ করতে হয়।

মানুষ নদী ভাগ করে
কখনও ভাগাভাগিতে ঝাঁস করে না।

নতুন পাঠ্যত্রম

বাঘের মেয়েকে আমি হিংসা পড়ানোর দায়িত্ব পেয়েছি।
বিশ্ববিদ্যালয়ের এই নতুন পাঠ্যত্রমে
তাকে ভর্তি করতে চায় তার বাবা - মা।

হাতে - পায়ে তার এত বাঘনখ
দাঁতে তার টুঁটি কামড়ে ধরার আাদ
চোখে জঙ্গলের ব্যাকরণ।
আমি তাকে নতুন কী হিংসা পড়াব?

তবু তাকে হিংসা - কবিতা, হিংসা -অঙ্ক
হিংসা - কুইজ ও হিংসা ব্যাকরণ পড়াই।
দেখি, এ-সম্পর্কে তার জ্ঞান বড় কম।
বাঘের মেয়ে, এখনও ঠিকমতো হিংসা বানান লিখতে শেখেনি ?



সৃষ্টিসন্ধান

আমি তার বাবা-মাকে ডেকে বলি---
আপনার মেয়ে এই হুঙ্কার শিখছে তো
এই ভুলে যাচ্ছে থাবার কৌশল,
এই দাঁতের তীক্ষ্ণতা রপ্ত করছে তো
এই ভুলে যাচ্ছে হুঙ্কার।
ওকে এক বছর হিংসাপুরের হস্টেলে রেখে আসুন।

আজ এক বছর পরে দেখি---
দূর মাঠ ভেঙে বাঘ আসছে মেয়েকে নিয়ে
মানুষের কাছে হিংসা পড়াতে !

রতনতনু ঘাটী

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com